## ১. মাঠ তত্ত্বাবধায়ক (অপারেশন/কোয়ালিটি কন্ট্রোল)

**জরিপ পরিচিতি:**

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ 'দুর্নীতিবিষয়ক জাতীয় খানা জরিপ ২০২৩' পরিচালনার উদ্দেশ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে স্বল্পমেয়াদে **'মাঠ তত্ত্বাবধায়ক (অপারেশন/কোয়ালিটি কন্ট্রোল)'** পদে উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করছে।

**কার্য বিবরণী:**

'মাঠ তত্ত্বাবধায়ক (অপারেশন)'

- মাঠ তথ্য সংগ্রহকারী ও কোয়ালিটি কন্ট্রোলারের সাথে যোগাযোগ রক্ষা করা
- অধীনস্থ মাঠ তথ্য সংগ্রহকারী দলের নিয়মিত কার্যক্রম পরিচালনা করা
- মাঠ তথ্য সংগ্রহকারীর সংগৃহীত তথ্য যাচাই করা ও শুদ্ধতা নিশ্চিত করা
- তথ্য সংগ্রহে মাঠ তথ্য সংগ্রহকারীর সাথে নির্ধারিত এলাকা ভ্রমণ করা এবং তাদের কার্যক্রম তদারকি করা
- প্রধানকার্যালয় কর্তৃক প্রদানকৃত জরিপ সংশ্লিষ্ট যেকোন কাজ

'মাঠ তত্ত্বাবধায়ক (কোয়ালিটি কন্ট্রোল)'

- নির্দিষ্ট সময় অন্তর অন্তর তথ্য বিশ্লেষক কর্তৃক প্রদানকৃত তথ্যের শুদ্ধতা যাচাই করা ও প্রয়োজনে নির্দিষ্ট খানায় গিয়ে তথ্যের শুদ্ধতা যাচাই করা
- প্রধান গবেষণা দলের সাথে বিশেষ করে তথ্য বিশ্লেষকের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা
- অধীনস্ত মাঠ তথ্য সংগ্রহকারী দলগুলোর কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করা ও প্রতিবেদন প্রদান করা
- মাঠ তথ্য সংগ্রহকারীদের বিভিন্ন সমস্যা সমাধান করা এবং প্রয়োজনে হেডঅফিসের সাথে যোগাযোগ করা
- তথ্য যাচাইয়ের প্রয়োজনে নির্ধারিত এলাকা ভ্রমণ করা
- প্রধানকার্যালয় কর্তৃক প্রদানকৃত জরিপ সংশ্লিষ্ট যেকোন কাজ

**শিক্ষাগত যোগ্যতা:**

- প্রার্থীকে স্নাতক বা সমমান ডিগ্রিধারী হতে হবে, স্নাতকোত্তর বা সমমান ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। সামাজিক বিজ্ঞান অনুষদের যে কোনো বিষয়ে ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। শিক্ষা জীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ অথবা জিপিএ ২.০ এর কম (এসএসসি/এইচএসসি) এবং সিজিপিএ ২.৫ এর কম (স্নাতক/স্নাতকোত্তর) গ্রহণযোগ্য নয় ।

**অন্যান্য শর্তাবলী:**

- প্রার্থীকে স্নাতক বা সমমান ডিগ্রিধারী হতে হবে, স্নাতকোত্তর বা সমমান ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। সামাজিক বিজ্ঞান অনুষদের যে কোনো বিষয়ে ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। শিক্ষা জীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ অথবা জিপিএ ২.০ এর কম (এসএসসি/এইচএসসি) এবং সিজিপিএ ২.৫ এর কম (স্নাতক/স্নাতকোত্তর) গ্রহণযোগ্য নয়;
- আবেদনকারীর এমএস অফিস এবং জরিপ সংক্রান্ত তথ্য সংগ্রহের মোবাইল অ্যাপ ব্যবহার সম্পর্কে ধারণা থাকতে হবে;
- জরিপের প্রয়োজনে প্রার্থীর ই-মেইল অ্যাকাউন্ট এবং তথ্য সংগ্রহের জন্য অ্যান্ড্রয়েড স্মার্ট ফোন (স্ক্রিন সাইজ সর্বনিম্ন 4.5 ইঞ্চি, 4G Support এবং সর্বনিম্ন অ্যান্ড্রয়েড ভার্সন ১০, মোবাইল-ব্যাটারি কমপক্ষে ৩৫০০ মিলি এ্যাম্পিয়ার/একাধারে কমপক্ষে ৭-৮ ঘন্টা মোবাইল ব্যবহার করার ব্যবস্থা) থাকতে হবে;
- ০১ এপ্রিল ২০২৪ তারিখে প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৪০ বছর হতে হবে।

**দক্ষতা:**

- জরিপ কাজে মাঠ পরিদর্শন ও তদারকি এবং তথ্য সংগ্রহে কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
- বিশেষ করে সুশাসন ও দুর্নীতিবিষয়ক জরিপের কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

**মাঠ তত্ত্বাবধায়কের ভাতা ও প্রাসঙ্গিক বিষয়াদি:**

- প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণের জন্য ৪০ জনকে আহ্বান করা হবে এবং প্রশিক্ষণের মূল্যায়নের প্রেক্ষিতে ৩০ জনকে চূড়ান্ত প্রার্থী হিসেবে নির্বাচন করা হবে;
- মাঠ পর্যায় দৈনিক কর্মভাতা ১০০০ টাকা, আবাসন ভাতা ৯০০ টাকা, খাদ্য ভাতা ৭৫০ টাকা এবং মাঠ পর্যায়ে যাতায়াত ভাতা ৪৫০ টাকা হারে প্রদান করা হবে। উল্লেখ্য, যাতায়াত ভাতা সাপ্তাহিক ছুটিসহ অন্যান্য ছুটির দিনে প্রযোজ্য নয়;
- মোবাইল ফোনের বিল বাবদ মাসিক ৪০০ টাকা এবং জরিপের নির্ধারিত মোবাইল অ্যাপ ব্যবহারের জন্য ইন্টারনেট বিল বাবদ মাসিক ৪০০ টাকা ভাতা প্রদান করা হবে;
- সর্বশেষ কর্ম এলাকা থেকে ঢাকায় ফেরত আসার ও যাওয়ার (দূরবর্তী ভ্রমণে নন-এসি বাস/ট্রেন/লঞ্চ মাধ্যমে) প্রকৃত পরিবহন খরচ টিআইবির নিয়ম অনুযায়ী প্রদান করা হবে;
- প্রশিক্ষণ চলাকালীন সকল প্রর্থী দৈনিক ৪০০ টাকা ভাতা পাবেন; দূরযাত্রার ক্ষেত্রে বাসস্থান থেকে প্রশিক্ষণ স্থান এবং প্রশিক্ষণ স্থান থেকে বাসস্থান প্রযোজ্য হবে;
- কোনো ধরনের ভাতা অগ্রীম প্রদান করা হবে না (প্রশিক্ষণ সংক্রান্ত ভাতাসমূহ সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রদান করা হবে এবং মাঠপর্যায়ের ভাতাসমূহ প্রতি ১৫ দিন অন্তর অন্তর প্রদান করা হবে);
- Tax Identification Number (TIN) সার্টিফিকেট সরবরাহ করতে হবে;
- সকল প্রকার ভাতা ইলেকট্রনিক ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করা হবে, বিধায় নির্বাচিত প্রার্থীদের নিজ নামে ব্যাংক/বিকাশ অ্যাকাউন্ট থাকতে হবে

# ২. মাঠ তথ্য সংগ্রহকারী

**জরিপ পরিচিতি:**

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ ‘দুর্নীতিবিষয়ক জাতীয় খানা জরিপ ২০২৩’ পরিচালনার উদ্দেশ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে স্বল্পমেয়াদে **‘মাঠ তথ্য সংগ্রহকারী’** পদে উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করছে।

**কার্য বিবরণী:**

- নির্দিষ্ট খানায় জরিপ কার্য পরিচালনা করা
- সংগৃহীত তথ্য নির্দিষ্ট মোবাইল অ্যাপে সংরক্ষণ করা
- মাঠ তত্ত্বাবধায়কের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা ও সকল বিষয় অবহিত করা
- সংগৃহীত তথ্য পুনঃপরীক্ষা করা ও তথ্যের শুদ্ধতা নিশ্চিত করা
- তথ্য সংগ্রহের প্রয়োজনে নির্ধারিত এলাকা ভ্রমণ করা

**শিক্ষাগত যোগ্যতা:**

- প্রার্থীকে স্নাতক বা সমমান ডিগ্রিধারী হতে হবে, এছাড়া সামাজিক বিজ্ঞান অনুষদের যেকোনো বিষয়ে ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। শিক্ষা জীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ অথবা জিপিএ ২.০ এর কম (এসএসসি/এইচএসসি) এবং সিজিপিএ ২.৫ এর কম (স্নাতক/স্নাতকোত্তর) গ্রহণযোগ্য নয়।

**অন্যান্য শর্তাবলী:**

- আবেদনকারীর এমএস অফিস এবং জরিপ সংক্রান্ত তথ্য সংগ্রহের মোবাইল অ্যাপ ব্যবহার সম্পর্কে ধারণা থাকতে হবে;
- জরিপের প্রয়োজনে প্রার্থীর ই-মেইল অ্যাকাউন্ট এবং তথ্য সংগ্রহের জন্য অ্যান্ড্রয়েড স্মার্ট ফোন (স্ক্রিন সাইজ সর্বনিম্ন ৪.৫ ইঞ্চি, 4G Support এবং সর্বনিম্ন অ্যান্ড্রয়েড ভার্সন ১০, মোবাইল-ব্যাটারি কমপক্ষে ৩৫০০ মিলি এ্যাম্পিয়ার/একাধারে কম্পক্ষে ৭-৮ ঘন্টা মোবাইল ব্যবহার করার ব্যবস্থা) থাকতে হবে;
- ০১ এপ্রিল ২০২৪ তারিখে বয়সসীমা সর্বোচ্চ ৩০ বছর হতে হবে।

**দক্ষতা:**

- জরিপ কাজে মাঠ থেকে তথ্য সংগ্রহে বিশেষ করে সুশাসন ও দুর্নীতিবিষয়ক জরিপের কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে;

**মাঠ তত্ত্বাবধায়কের ভাতা ও প্রাসঙ্গিক বিষয়াদি:**

- প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণের জন্য ১২০ জনকে আহ্বান করা হবে এবং প্রশিক্ষণের মূল্যায়নের প্রেক্ষিতে ১০০ জনকে চূড়ান্ত প্রার্থী হিসেবে নির্বাচন করা হবে;
- মাঠ পর্যায় দৈনিক কর্মভাতা ৮০০ টাকা, আবাসন ভাতা ৭০০ টাকা, খাদ্য ভাতা ৭৫০ টাকা এবং মাঠ পর্যায়ে যাতায়াত ভাতা ৩৫০ টাকা হারে প্রদান করা হবে। উল্লেখ্য যাতায়াত ভাতা সাপ্তাহিক ছুটিসহ অন্যান্য ছুটির দিনে প্রযোজ্য নয়;
- মোবাইল ফোনের বিল বাবদ মাসিক ৩০০ টাকা এবং জরিপের নির্ধারিত মোবাইল অ্যাপ ব্যবহারের জন্যে ইন্টারনেট বিল বাবদ মাসিক ৪০০ টাকা ভাতা প্রদান করা হবে;
- সর্বশেষ কর্মএলাকা থেকে ঢাকায় ফেরত আসার ও যাওয়ার (দূরবর্তী ভ্রমণে নন-এসি বাস/ট্রেন/লঞ্চ মাধ্যমে) প্রকৃত পরিবহন খরচ টিআইবির নিয়ম অনুযায়ী প্রদান করা হবে;
- প্রশিক্ষণ চলাকালীন সকল প্রার্থী দৈনিক ৪০০ টাকা ভাতা পাবেন; দূরযাত্রার ক্ষেত্রে বাসস্থান থেকে প্রশিক্ষণ স্থান এবং প্রশিক্ষণ স্থান থেকে বাসস্থান প্রযোজ্য হবে;
- কোনো ধরনের ভাতা অগ্রীম প্রদান করা হবে না (প্রশিক্ষণ সংক্রান্ত ভাতাসমূহ সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রদান করা হবে এবং মাঠপর্যায়ের ভাতাসমূহ প্রতি ১৫ দিন অন্তর অন্তর প্রদান করা হবে);
- Tax Identification Number (TIN) সার্টিফিকেট সরবরাহ করতে হবে;
- সকল প্রকার ভাতা ইলেকট্রনিক ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করা হবে, বিধায় নির্বাচিত প্রার্থীদের নিজ নামে ব্যাংক/বিকাশ অ্যাকাউন্ট থাকতে হবে।